স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১২ ও জুন, ২০১৩

বাংলা (Bengali)

সহায়ক পাঠক্রম (Subsidiary)

দ্বিতীয় পত্র [(S-2) SBG-II : Chhando, Alonkar O Kabya-Kabita]

সময় ঃ তিন ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ২ = ৪০

(ক) উদাহরণসহ কলাবৃত্ত বা ধ্বনিপ্রধান রীতির ছন্দের স্বরূপ ও বৈশিষ্ট্য আলোচনা করুন।

(খ) বিদ্যাপতির দুটি নির্ধারিত পদের সারসংক্ষেপ উল্লেখ করে সেই দুটি পদের কাব্যসৌন্দর্যের মূল্যায়ন করুন।

(গ) রামায়ণের অরণ্যকাণ্ড অবলম্বনে কবি বর্ণিত প্রকৃতির চিত্ররূপ বর্ণনা করুন।

(ঘ) সাম্যবাদী কবিতাগুচ্ছের অন্যতম 'নারী' কবিতাটিতে নারীমুক্তির যে আহ্বান আছে — তা সংক্ষেপে বুঝিয়ে দিন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) উদাহরণসহ যমক অলংকারের শ্রেণিবিভাগগুলি নির্দেশ করুন।

(খ) ''নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে
পুলক-মুকুল-অবলম্ব।''

— পদটি কার লেখা ? কোন পর্যায়ের পদ ? ভাবসংক্ষেপসহ পদটির কাব্যমূল্য নিরূপণ করুন।

১ + ১ + ১০

(গ) রামায়ণের 'অরণ্যকাণ্ড'-এ অত্রিমুনির আশ্রমে মুনিপত্নীর সঙ্গে সীতার কথোপকথন অংশটি আপনার নিজের ভাষায় বর্ণনা করুন।

(ঘ) 'শোককাব্য' কাকে বলে ? এই শ্রেণির কাব্য সম্পর্কে আলোচনা করুন। ৪ + ৮

(ঙ) 'মেঘনাদ বধ' কাব্যের ষষ্ঠ সর্গ অবলম্বনে এ সর্গের ভাষা, ছন্দ ও অলংকার সম্বন্ধে সংক্ষিপ্ত আলোচনা করুন।

(চ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনারতরী' প্রকৃতি বিষয়ক কবিতা। এ সম্পর্কে আপনার ধারণা বিস্তৃত করুন।

(ছ) কৃত্তিবাস ওঝা রামায়ণের 'অরণ্যকাণ্ড'-এ লক্ষণ চরিত্র পরিকল্পনায় বাল্মীকি রামায়ণের কতটুকু অনুসরণ করেছেন আলোচনা করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) চরণ ও পংক্তি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন। ৩ + ৩

(খ) রূপক অলংকার কাকে বলে ? একটি উদাহরণের সাহায্যে রূপক অলংকার ব্যাখ্যা করুন। ২ + ৪

(গ) 'বৈষ্ণবসাহিত্যে গোবিন্দদাস মহাজন কবি' আলোচনা করুন।

(ঘ) ''সীতা ধ্যান সীতা জ্ঞান সীতা চিন্তামণি।
সীতা বিনা আমি যেন মণিহারা ফণি।''
— 'আমি' কে ? তাঁর মনোভাব ব্যাখ্যা করুন। ১ + ৫

(ঙ) আধুনিক কবিতার ভাব ও রূপের ছ'টি বৈশিষ্ট্য উল্লেখ করুন।

(চ) 'আতঙ্কে কনকলঙ্কা জাগিলা সে রবে' কনকলঙ্কার আতঙ্কে জেগে ওঠার কারণ কী ?

(ছ) সত্যেন্দ্রনাথ দত্ত ও যতীন্দ্রনাথ সেনগুপ্তের তিনটি করে কাব্যগ্রন্থের নাম লিখুন। ৩ + ৩

(জ) 'পাখির নীড়ের মতো চোখ তুলে নাটোরের বনলতা সেন।'' — উক্তিটির মধ্যে দিয়ে কবির কোন্ মনোভাবের প্রকাশ ঘটেছে আলোচনা করুন।